যায়যায়দিন

তারিখ 15 FEB 2008
পৃষ্ঠা - [illegible] কলাম - [illegible]

### কারমাইকেল কলেজের ঘটনায়

# ১৩ শিবির নেতাকর্মী রিমান্ডে প্রিন্সিপালকে প্রাণনাশের হুমকি

**রংপুর প্রতিনিধি**

রংপুর কারমাইকেল কলেজে সহিংস ঘটনার সঙ্গে জড়িত ১৩ শিবির নেতাকর্মীকে দুই দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। গতকাল চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টের বিচারক শফিকুর রহমান এ রিমান্ড মঞ্জুর করেন। এদিকে কারমাইকেল কলেজের প্রিন্সিপালকে প্রাণনাশের হুমকি দিয়ে চিঠি দেয়া হয়েছে।

আদালত ও পুলিশ সূত্রে জানা গেছে, ৬ ফেব্রুয়ারি কারমাইকেল কলেজে ভাংচুর ও অগ্নিসংযোগের ঘটনায় গ্রেফতারকৃত ১৫ শিবির নেতাকর্মীর বিরুদ্ধে গতকাল পাচ দিনের রিমান্ডে চেয়ে আদালতে আবেদন জানান মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই আজিজুল ইসলাম। আদালত ১৩ জনের দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন। পরীক্ষার কারণে বাকি দুজনের রিমান্ড মঞ্জুর করা হয়নি।

মামলার শুনানিতে সরকার পক্ষে ছিলেন কোর্ট ইন্সপেক্টর পংকজ কুমার এবং আসামি পক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট নজরুল ইসলাম মণ্ডল।

এদিকে এ ঘটনার মামলার বাদী কলেজ প্রিন্সিপাল দীপ কেন্দ্র নাথ দাসকে বুধবার ডাক মারফত প্রাণনাশের হুমকি দেয়া হয়েছে বলে জানা গেছে। ইংরেজিতে লেখা পাচ লাইনের ওই চিঠিতে বলা হয়েছে, চলতি মাসেই তাকে রংপুর ছাড়তে হবে, না হলে লাশ হয়ে ফিরতে হবে। চিঠিতে প্রেরকের নাম ছিল শহরের বাবুপাড়া এলাকার জমসেদ আলী।

উল্লেখ্য, কেয়ারটেকার সরকার সম্প্রতি রংপুরে পূর্ণাঙ্গ ইউনিভার্সিটি স্থাপনের ঘোষণা দেয়ার পর ৬ ফেব্রুয়ারি কারমাইকেল কলেজকে ইউনিভার্সিটিতে রূপান্তরের ধুয়া তুলে সেখানকার শিবির নেতাকর্মীরা কলেজের বিভিন্ন স্থানে এবং শিক্ষকদের বাসায় হামলা, ভাংচুর ও অগ্নিসংযোগ করে। এ ব্যাপারে পৃথক দু[illegible]